

CLASS : IV
SUBJECT : 2ND LANGUAGE BENGALI

গদ্য : জুতো আর ছাতার জন্ম - উপেন্দ্রকিশোর রায়চৌধুরী

গদ্যের বিষয়বস্তু :

বহুকাল আগে, একদিন জ্যৈষ্ঠ মাসের সকালবেলায় জমদগ্নি মুনি তীর ছুঁড়ছিলেন আর তাঁর স্ত্রী রেণুকা সেই তীর কুড়িয়ে আনছিলেন। পত্নী রেণুকা তাঁর নিষ্কিপ্ত তীর কুড়োতে গিয়ে শান্ত ও অবসন্ন হয়ে একটি গাছতলায় বিশ্রাম নিচ্ছিলেন। তীর সংগ্রহে মুহূর্তের বিলম্বে মুনি রেগে উঠে যখন জানতে পারলেন বিলম্বের কারণ রোদের তীব্রতা তখন সূর্যদেবের ওপর রুষ্ট হয়ে তাঁকে তীর মারতে উদ্যত হলেন। সূর্যদেব ব্রাহ্মণের বেশে মূনির কাছে এসে তার তেজের উপকারিতার কথা বললেন। সূর্যের তেজ ছাড়া ফসল হওয়া সম্ভব নয়। তাছাড়া সূর্য আকাশে নির্দিষ্ট স্থানে স্থির থাকে না, তাঁকে মারা কঠিন। সূর্যদেব মূনির কাছে ক্ষমাপ্রার্থনা করলে মুনি তাঁকে ক্ষমা করলেন। তখন মুনি সব বুঝতে পেরে সূর্যদেবকে এমন একটা উপায় বার করতে বললেন যাতে তাঁর স্ত্রী রোদের তেজে কষ্ট না পায়। তখন ব্রাহ্মণবেশী সূর্যদেব তাঁর চাদরের ভেতর থেকে একটা ছাতা ও এক জোড়া জুতো বের করে দিলেন। মুনি তো এমন বস্তু কখনও দেখেননি। ভাবলেন কোনো নতুন অস্ত্র বুঝি। সূর্যদেব তখন ছাতা ও জুতোর প্রয়োজনের কথা বলে চলে গেলেন। মূনির স্ত্রী রোদের কষ্ট থেকে মুক্ত হলেন। সেই থেকে লোকে মাথায় ছাতা ও পায়ে জুতো পরতে শিখল।

WORKSHEET

প্রঃ(১) নীচের শব্দগুলির অর্থ লেখো :-

অপার, অবস্থা, নিতান্ত, উপস্থিত, ক্ষমা, অস্থির, ঠান্ডা।

প্রঃ(২) নীচের শব্দগুলির লিঙ্গ পরিবর্তন করো:-

ঠাকুর, পত্নী, মুনি

প্রঃ(৩) প্রতিটি শব্দকে দু-ভাগে ভাগ করো :-

গাছতলা, দশরথ, মুনিঠাকুর, জোড়হাত, অনেকবার, দুখানি।

প্রঃ(৪) নীচের শব্দগুলির পদ পরিবর্তন করো :-

প্রাণ, আমোদ, অতিশয়, চালাকি, কাতর

প্রঃ(৫) নীচের শব্দগুলির বিপরীত শব্দ লেখো :-

শীঘ্র, সকাল, পূর্বে, পরে, যদিকে, বড়ো, অস্থির, তুষ্ট, আজ, ঠান্ডা, উপস্থিত,

সীমা।

প্রঃ(৬) সংক্ষিপ্ত উত্তরধর্মী :-

(ক) জমদগ্নি কে ছিলেন?

(খ) রেণুকা কে? মুনি তার ওপর রেগে গিয়েছিলেন কেন?

(গ) মুনির কিসে আমোদ হচ্ছিল?

(ঘ) মুনি সূর্যদেবকে তীর-ধনুক দিয়ে মারতে চেয়েছিলেন কেন?

(ঙ) কি কি দেখে মুনি অস্ত্র ভেবেছিলেন? কেন?

প্রঃ(৭) জ্ঞানমূলক ও রচনাধর্মী :

(ক) “এত বিলম্ব হইল কেন?”

কথাগুলি কার? তিনি কাকে একথা বলেছেন? সে কি করেছিল? কেন করেছিল?

মুনি রাগ করলে সে কি বলেছিল?

(খ) “তোমাকে চালাকি করিতে হইবে না”-

কার কথা? কে তাঁর সঙ্গে চালাকি করেছিল? কেন করেছিল?

(গ) “এ -সকল অস্ত্র দিয়া কি করিতে হয়”?

কথাগুলি কার? তিনি কাকে একথা বলেছেন? কখন বলেছেন? কেন বলেছেন?